



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ঐতিহাসিক ৭ মার্চ উদযাপিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৭ মার্চ ২০২৪খ্রিঃ।

৭ মার্চ বাঙালী ইতিহাসের এক অবিস্মরণীয় দিন। ঐতিহাসিক এ দিনটি উপলক্ষে অদ্য ৭ মার্চ ২০২৪ তারিখ সকাল ১০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিনশ্র শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভাগীয় প্রধান, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রক্টর, পরিচালকবৃন্দ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এদিকে ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে সকাল ১০.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখেলা অডিটোরিয়ামে এক বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন আয়োজিত এই আলোচনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় উপাচার্য মহোদয় বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ বাঙালীর বিভিন্ন ঐতিহাসিক আন্দোলন সংগ্রামের ভিত্তিমূল। এ ভাষণ বাঙালীর দেশপ্রেম জাহত করার প্রেরণা। বঙ্গবন্ধু তাঁর এ ভাষণের মধ্যদিয়ে সমগ্র বাঙালীকে একটি ঐক্যবদ্ধ জাতিতে পরিণত করেছিলেন। এ ভাষণের মাধ্যমে সবকিছুকে ছাঁপিয়ে বঙ্গবন্ধু পৌঁছে গিয়েছিলেন বাঙালীর প্রতিটি শিরা-উপশিরায়, প্রতিটি বাঙালীর মস্তিষ্কে। উপাচার্য মহোদয় এসময় আরও বলেন, ৭ মার্চের ভাষণ আজ পুরো বিশ্ববাসীর সামনে মুক্তির সনদ। যেখানেই নিপীড়িত মানুষের কথা, যেখানেই যুদ্ধ, যেখানেই নিষ্পেষিত হয় কোন জাতি বা রাষ্ট্র সেখানেই মুক্তির বাণী হতে পারে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দিন গোলাপের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ইউনুস আলী সিদ্দিকী, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ড. মোঃ শফিউল আলম এবং রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গ্রেড ১১-১৬ কল্যান পরিষদের সভাপতি আরিফ হোসেন সুমন ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের কার্যনির্বাহী সদস্য আইয়ুব আলী শরীফ। সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ এসোসিয়েশনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক নাদিম মল্লিক। এছাড়াও দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপি বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়